বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

বিএসইসি/এনফোর্সমেন্ট/২৮২১/২০১৯-৬২০

তারিখ: ডিসেম্বর ০৫, ২০১৯

## আদেশ

যেহেতু, Section 2(cc), Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) মোতাবেক "Commission" means Bangladesh Securities and Exchange Commission constituted under the Bangladesh Securities and Exchange Commission Act, 1993 (Act No. 15 of 1993) (here in after referred to as 'Commission');

যেহেতু, Section 2CC, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর মাধ্যমে কমিশনের উপর প্রদত্ত ক্ষমতাবলে নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 জারি করে যার বর্ণনা নিম্নরূপ-

"..... Every sponsor shareholder or director or placement holder of a company listed with any stock exchange shall simultaneously submit a written report to the Securities and Exchange Commission and the stock exchange with which the company is listed about his/her/its intention to buy or sell or otherwise dispose off in any manner whatsoever the shares held by him/her/it in that company in the following format: ....."

যেহেতু, Section 2CC, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর মাধ্যমে কমিশনের উপর প্রদত্ত ক্ষমতাবলে নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/119/Admin/34 dated November 22, 2011 জারি করে যার বর্ণনা নিম্নরূপ-

"... a) All sponsors/promoters and directors of a company listed with any stock exchange shall all time jointly hold minimum 30% (thirty percent) shares of the paid-up capital of the company. The sponsors/promoters and directors holding less than 30% (thirty percent) shares shall acquire the rest amount within 6 (six) months of issuance of this Notification;
b) In case of non-holding of the said amount of shares the sponsors/promoters and directors would not be able to sell or transfer any shares until acquisition of the aforesaid amount of shares;..."

যেহেতু, বিধি ৪, উপ-বিধি (১) ও (২), সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বর্ণনা নিম্নরূপ-

"৪। সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ ইত্যাদি।– (১) কোন ব্যক্তি নিজে বা অন্য কাহারো মাধ্যমে সুবিধাভোগী ব্যবসা করিবেন না বা উক্তরূপ ব্যবসার ব্যাপারে কোন ব্যক্তিগত পরামর্শ বা সহায়তা করিবেন না।



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

(২) স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানির কোন স্পন্সর (Sponsor), পরিচালক, কর্মকর্তা বা কর্মচারী, নিরীক্ষক বা নিরীক্ষাকার্যে সম্পৃক্ত ব্যক্তি, পরামর্শক বা আইন উপদেষ্টা, কিংবা Securities and Exchange Ordinance, ১৯৬৯ (XVII of ১৯৬৯) এর Section ১২-এ উল্লিখিত beneficial owner, উক্ত কোম্পানীর বার্ষিক হিসাব সমাপ্তির তারিখ এর দুই মাস পূর্ব (ইংরেজি পঞ্জিকা বছর মোতাবেক) হইতে উক্ত কোম্পানির পরিচালনা পর্ষদ (Board of Directors) কর্তৃক চূড়ান্তভাবে বিবেচিত, গৃহীত বা অনুমোদিত হওয়ার তারিখ পর্যন্ত সময়কালে আলোচ্য কোম্পানির শেয়ার ক্রয়, বিক্রয়, কিংবা অন্য কোন প্রকারে হস্তান্তর বা গ্রহণ করিতে পারিবেন না"।

যেহেতু, জনাব মো: সামসুল হুদা (Md. Shamsul Huda) 'আলহাজ টেক্সটাইল মিলস লিমিটেড' এর পরিচালক হিসেবে বিগত ৩১ ডিসেম্বর, ২০১৭ ইং হতে ২৯ এপ্রিল, ২০১৯ ইং তারিখের মধ্যে উক্ত কোম্পানির ১,৪৫,৭২৮ টি শেয়ার পূর্ব ঘোষণা ছাড়াই বিক্রি করেছেন;

যেহেতু, উপর্যুক্ত পূর্ব ঘোষণা ছাড়া শেয়ার বিক্রির মাধ্যমে জনাব মো: সামসুল হুদা কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010, SEC/CMRRCD/2009-193/119/Admin/34 dated November 22, 2011 এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪ এর উপ-বিধি (১) ও (২) এর সুস্পষ্ট লঙ্ঘন করেছেন;

যেহেতু, জনাব মো: সামসুল হুদা কর্তৃক উপর্যুক্ত কর্মকান্ডের কারণে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগের অক্টোবর ০৩, ২০১৯ইং তারিখের বিএসইসি/এনফোর্সমেন্ট/২৮২১/২০১৯-৫৩৩ স্মারকমূলে 'মো: সামসুল হুদা'-কে নির্ধারিত তারিখে কারণ প্রদর্শন সহ শুননীতে উপস্থিত হতে বলা হয় এবং তিনি পরবর্তীতে নির্ধারিত ২৩ অক্টোবর, ২০১৯ইং তারিখে অনুমোদিত প্রতিনিধির মাধ্যমে শুনানিতে উপস্থিত হয়ে লিখিতভাবে নিম্নোক্ত ব্যাখ্যা দাখিল করেন-

*"With reference to your letter no. BSEC/Enforcement/2821/2019-532 dated October 03, 2019, I furnish herewith the following clarifications for your kind consideration:*

*Clarification No# 01:*
*As per the record of FORM XII, Company Act, 1994 (Particulars of the Directors of Al-Haj Textile Mills Limited) that I, Mr. Shamsul Huda was no longer a Director of Al-Haj Textile Mills Limited after date of 30/04/2019.*

*As per my record 1, 45,728 no. of shares of Al-Haj Textile Mills Limited were sold in code no # 0011 during this period from 31/12/2017 to 29/04/2019. I was a Director of Al-Haj Textile Mills Limited. Not a single share was bought during the above mentioned period in the said account. It is also mentionable that 85,953 no. of bonus shares of Al-Haj Textile Mills Limited were sold at a value of Tk. 88, 70,052/- and paid 5% AIT of Tk. 4, 44,000/- in favor of Dhaka Stock Exchange Limited.*

*Clarification No# 02:*
*I have been operating my account with ANF Management Co. Ltd since March 01, 2006 opened with the previous Account Opening Form which did not have provision for the desired information. This is fault of ANF management's office and CEO has been terminated and also inform you that after replacing the compliance officer I will take action again compliance officer. However, now the account opening form*



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

*has already been updated by prescribed format (FORM 1A) of the Bangladesh Securities and Exchange Commission.*

*Clarification No# 03:*
*While selling my shares, the total holding of Al Haj Textile Mills Limited by sponsors and directors were less than 30% which was beyond my knowledge. It was fault of Al-Haj Textile Mills Ltd's office. They never notice to me about this matter. Previous hearing to company secretary said they don't know the information about the selling share of Shamsul Huda Ex-Director of Al-Haj Textile Mills Limited this is absolutely false, since they have clear information of day to day share position.*

*Clarification No# 04:*
*I am physically ill for the last 09 (Nine) years and very irregular in attending the meeting of the Board of Directors of Al-Haj Textile Mills Limited in the duration of selling shares. The Index was average 5500 now the average Index is 4800 for this reason the price of aforesaid sell share was high price. As such, I was not aware of any Price Sensitive Information of the company. Which was published in the DSE's website.*

*I am extremely sorry for the matters and assure you to strictly follow the rules of the DSE & BSEC in future. I have long pending loan with Bank and financial company to settle all this and my treatment I need money. Please consider my physical & financial condition. I would further request you to release my account with ANF Management Co. Ltd. as early as possible."*

যেহেতু, তিনি উক্ত শুনানিতে লিখিত ও মৌখিক বক্তব্যে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করেছেন এবং উপর্যুক্ত বিষয়সমূহের ফলশ্রুতিতে দেখা যায় যে, জনাব মো: সামসুল হুদা কর্তৃক কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010; SEC/CMRRCD/2009-193/119/Admin/34 dated November 22, 2011 এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪ এর উপ-বিধি (১) ও (২) এর লঙ্ঘন সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, 'আলহাজ টেক্সটাইল মিলস লিমিটেড' এর পরিচালক হিসেবে জনাব মো: সামসুল হুদা সিকিউরিটিজ সংক্রান্ত উপর্যুক্ত আইন ও বিধিবিধান পরিপালনে ব্যর্থতার জন্য দায়ী;

যেহেতু, 'আলহাজ টেক্সটাইল মিলস লিমিটেড'-এ জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত, কিন্তু জনাব মো: সামসুল হুদা কর্তৃক পূর্ব ঘোষণা ছাড়া 'আলহাজ টেক্সটাইল মিলস লিমিটেড' এর শেয়ার বিক্রির কারণে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুণ্ণ হয়েছে ও হচ্ছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, 'আলহাজ টেক্সটাইল মিলস লিমিটেড'-এ বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃংখলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, 'জনাব মো: সামসুল হুদা' আলোচ্য কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী, যা Section 22, Securities and Exchange Ordinance, 1969 এবং ধারা ১৮, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে 'জনাব মো: সামসুল হুদা'-কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এবং ধারা ১৮, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর প্রদত্ত ক্ষমতাবলে 'জনাব মো: সামসুল হুদা'-কে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের ১৫ (পনের) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

05.12.2019
খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

বিতরণ:

১। 'জনাব মো: সামসুল হুদা', পরিচালক, 'আলহাজ টেক্সটাইল মিলস লিমিটেড', বাড়ি নং- ১৩২, রোড নং- ০৫, ব্লক নং- বি, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা-১২২৯।



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd